



স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৩.০০১.২১. ১০৮৪

তারিখ: ০১.০৮.২০২২ খ্রি।


বিষয়: জাতীয় শোক দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৬.২০২২-৮৩৪, তারিখ: ২১-০৭-২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে সম্পৃক্ত থেকে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের সূত্রস্থ স্মারক মারফত নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা প্রতিপালনে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়ন করতে হবে। সেক্ষেত্রে প্রয়োজনে এলজিইডি'র মূল কমিটির আহ্বায়ক জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ডিজাইন ও পরিকল্পনা)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

- পহেলা আগস্ট ২০২২ খ্রি. হতে মাসব্যাপী সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণের কালোব্যাজ ধারণ;
- ১৫ আগস্ট ২০২২ খ্রি. তারিখে পবিত্র কুরআন খতম, মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন;
- পহেলা আগস্ট ২০২২ হতে মাসব্যাপী এলজিইডি'র ভবনসমূহে জাতীয় শোক দিবসের Drop Down Banner লাগানো, ভবনের সম্মুখে Giant Screen-এ বঙ্গবন্ধুর ছবি, বাণী এবং তাঁর জীবনের বিভিন্ন কার্যক্রম প্রদর্শন, LGED Web Page ও Website-এ বঙ্গবন্ধুর বাণীসহ লোগো স্থাপন, ১৫ আগস্টের পুষ্পস্তবক অর্পণ ও অন্যান্য অনুষ্ঠানের ছবি প্রচার; এবং
- পহেলা আগস্ট হতে মাসব্যাপী বৃক্ষরোপন কর্মসূচি পালন। জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণ রোপিত বৃক্ষের সংখ্যা, রোপনকারীর নামসহ ছবি সরাসরি সদর দপ্তরের উপ-কমিটি-৬ (বৃক্ষরোপন) এর আহ্বায়ক জনাব মোঃ মজিবুর রহমান সিকদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট ও আইসিটি) এর নিকট প্রেরণ করবেন।

এমতাবস্থায়, স্বাস্থ্যবিধি অনুসরণ করে উক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
(সেখ মোহাম্মদ মহসিন)  
প্রধান প্রকৌশলী  
ফোন: ৫৮১৫২৮০২  
ই-মেইল: [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৩) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৪) জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ডিজাইন ও পরিকল্পনা) ও আহ্বায়ক, জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে গঠিত প্রস্তুতি কমিটি, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, .....বিভাগ,.....।
- ৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, .....অঞ্চল,.....।
- ৮) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস শাখা, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: .....।
- ১০) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।